**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে আজ থেকে পক্ষকালব্যাপী ধরতী আবা জনভাগিদারী অভিযানের শুরু হয়েছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তিন-দেশীয় সফরের আজ প্রথম দিনে সাইপ্রাসে পৌঁছেছেন।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ২০২৬ সালের ৩১শে মার্চের মধ্যে ভারত সম্পূর্ণরূপে নকশালমুক্ত হবে।**

**(৪) ৪৮তম সিনিয়র এবং ৩৬তম জুনিয়র পুরুষ ও মহিলা রাজ্যভিত্তিক ওয়েট লিফটিংয়ের আসর আজ শেষ হয়েছে।**

**************************************************

**Dharti Aaba Janabhagidari Abhiyan-West :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক ধরতী আবা জনভাগিদারী অভিযানের সূচনা করেন। এই অভিযান চলবে আগামী ৩০শে জুন পর্যন্ত। অনুষ্ঠানে তিনি বলেন, এই অভিযানের মাধ্যমে রাজ্যের প্রতিটি জনজাতি অধ্যুষিত ভিলেজ কমিটিগুলিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা সুবিধাভোগীদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে। এক্ষেত্রে ২০টি দপ্তরের বিভিন্ন পরিষেবা সুবিধাভোগীরা আগামী ৩০ জুন পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন শিবির থেকে সহজেই গ্রহণ করতে পারবে।

######Byte-Bikash Debbarma#######

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠন জনজাতিদের সার্বিক উন্নয়নের

মধ্য দিয়েই সম্ভব। অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে অনলাইন স্মার্টক্লাসের ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন। তিনি ভার্চুয়ালভাবে বিভিন্ন বিদ্যালয়ের বোর্ডিং হাউসের জনজাতি ছাত্রছাত্রীদের সঙ্গে মতবিনিময়ও করেন।

*****************************

**Dharti Aaba Janabhagidari Abhiyan–South :**

ধরতী আবা জনভাগিদারি অভিযানের অঙ্গ হিসেবে আজ বিলোনিয়া মহকুমার রতনপুরে দক্ষিণ জেলাভিত্তিক বিশেষ জনসচেতনতা ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। উপস্থিত ছিলেন জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, অতিরিক্ত জেলা শাসক হেমন্ত দেববর্মা, বিলোনিয়ার মহকুমা শাসক দেবাশিস দাস প্রমুখ। ধরতী আবা জনভাগিদারী অভিযানের বিভিন্ন প্রকল্পের জনসচেতনতামূলক পোস্টার সম্বলিত একটি ভ্রাম্যমান প্রচার গাড়ি আগামী ৩০শে জুন পর্যন্ত দক্ষিণ জেলার ৫৯টি জনজাতি অধ্যুষিত গ্রাম প্রদক্ষিন করবে।

****************************

**Dharti Aaba Janabhagidari Abhiyan–Unakoti :**

ঊনকোটি জেলাতেও আজ থেকে শুরু হয়েছে ধরতি আবা জনভাগীদারী অভিযান। কৈলাশহরের গোলকপুর এডিসি ভিলেজে এই কর্মসূচির সূচনা করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। জেলায় আগামী ত্রিশে জুন পর্যন্ত কুড়িটি স্থানে শিবিরের আয়োজন করা হবে। অনুষ্ঠানে পৌরহিত্য করেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল।

******************************

**Dharti Aaba Janabhagidari Abhiyan–Gomoti :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরের রাজর্ষি হলে এক অনুষ্ঠানে পক্ষকালব্যাপী গোমতী জেলাভিত্তিক ধরতী আবা জনভাগিধারী অভিযানের

সূচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা। গোমতী জেলার ৭টি ব্লকের ৭২টি গ্রামের সুবিধাভোগীদের কাছে সরকারী প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে ২৪টি শিবিরের আয়োজন করা হবে। আজ অভিযানের প্রথম দিনে জনজাতিদের মধ্যে বিভিন্ন প্রকল্পের সুবিধা প্রদান করা হয়। বক্তব্য রাখেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় ও উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার।

**************************

**Dharti Aaba Janabhagidari Abhiyan–Dhalai :**

ধলাই জেলার গঙ্গানগর ব্লক প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে বি এ সি'র ভাইস চেয়ারম্যান মিঠুন জয় রিয়াং আজ ধরতি আবা জনভাগীদারি অভিযানের সূচনা করেন। ধলাই জেলার আটটি ব্লক এলাকার ৬৯টি স্থানে আগামী ৩০শে জুন পর্যন্ত এই অভিযান চলবে। আজ গঙ্গানগর ব্লক প্রাঙ্গনে বিভিন্ন সরকারী দপ্তরের পক্ষ থেকে স্টল খোলা হয়। জনজাতি সুবিধাভোগীরা এই স্টল গুলি থেকে নিজেদের প্রয়োজনীয় সরকারি কাগজপত্র যেমন সংগ্রহ করেন ঠিক তেমনি সরকারি বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে অবগত হন। উপস্থিত ছিলেন ধলাই জেলার ভারপ্রাপ্ত জেলা শাসক সুমিত কুমার পান্ডে, গঙ্গানগর ব্লকের বিডিও দেবারুন দেববর্মা।

***************************

**Dharti Aaba Janabhagidari Abhiyan–Kanchanpur :**

উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্না নাথ আজ কাঞ্চনপুর টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানে ধরতি আবা জনভাগীদারি অভিযানের সূচনা করেন। উপস্থিত ছিলেন জেলাশাসক চাঁদনী চন্দ্রন, কাঞ্চনপুর মহকুমা শাসক ডাঃ দীপক কুমার প্রমুখ।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তিন-দেশীয় সফরের আজ প্রথম দিনে সাইপ্রাসে পৌঁছেছেন। লারনাকা আন্তর্জাতিক বিমানবন্দরে সাইপ্রাসের রাষ্ট্রপতি নিকোস ক্রিস্টোডুলিডেস তাকে স্বাগত জানান। তিন দেশ সফরে যাবার প্রাককালে আজ সকালে নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী বলেন, তাঁর তিন দেশ সফর সীমান্ত সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের প্রতি অবিচল সমর্থনের জন্য দেশগুলিকে ধন্যবাদ জানানোর একটি সুযোগ। সন্ত্রাসবাদ মোকাবিলায় বিশ্বব্যাপী বোঝাপড়া জোরদার করারও একটি সুযোগ। সাইপ্রাস সফরের পর প্রধানমন্ত্রী শ্রী মোদী কানাডা ও ক্রোয়েশিয়ায় সফর করবেন। কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির আমন্ত্রণে জি৭ শীর্ষ সম্মেলনেও তিনি যোগ দেবেন।

****************************

**Ahmedabad-DNA :**

আহমেদাবাদ বিমান দুর্ঘটনায় নিহতদের মধ্যে এখন পর্যন্ত ৩২ জনের ডিএনএ নমুনা মিলেছে। ইতিমধ্যে ১৪টি মৃতদেহ নিহতদের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। গুজরাটের স্বরাষ্ট্রমন্ত্রী হর্ষ সাঙভী এখবর জানান।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Union Home Minister :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ২০২৬ সালের ৩১শে মার্চের মধ্যে ভারত সম্পূর্ণরূপে নকশালমুক্ত হবে। আজ লখনউতে নবনিযুক্ত ৬০ হাজার, ২৪৪ জন কনস্টেবলের নিয়োগপত্র বিতরণ অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, একসময় ১১টি রাজ্যে ছড়িয়ে থাকা নকশালবাদ এখন মাত্র তিনটি জেলায় সীমাবদ্ধ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, দেশের পুলিশ বাহিনীর আধুনিকীকরণ প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে শুরু হয়েছে। শ্রী শাহ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ১১ বছরে দেশের বিকাশ সম্পর্কে তাঁর ভাষণে বিস্তারিত উল্লেখ করেন। নতুন ৩টি আইন প্রণয়নের উদ্দেশ্য ও ব্যাখ্যা করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

########Byte-Amit Shah########

*********************************

**Congress-Aritra Roy :**

প্রদেশ যুব কংগ্রেসের পক্ষ থেকে এভারেস্ট জয়ী রাজ্যের কৃতি সন্তান অরিত্র রায়কে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এ উপলক্ষ্যে আগরতলার কংগ্রেস ভবনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, যুব কংগ্রেসের সভাপতি নীলকমল সাহা।

****************************

**11 Years of NDA Government :**

বিজেপি বনমালীপুর মন্ডলের উদ্যোগে আজ কামিনী কুমার সিংহ মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিকশিত ভারত সংকল্প সভার আয়োজন করা হয়। বিজেপি রাজ্য সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য সভায় গত ১১ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে এন.ডি.এ সরকারের সাফল্যে বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন।

*****************************

**CPIM Rally :**

সিপিআইএমের উদ্যোগে আজ সাব্রুমের রতনমনি এডিসি ভিলেজে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী রেগা প্রকল্পে বছরে ২০০ দিনের কাজ, ৬০০ টাকা মজুরী, মনুঘাট-আমলিঘাট রাস্তা সংস্কার, মনুঘাট হাসপাতালে চিকিৎসক নিয়োগ দাবির সমর্থনে বক্তব্য রাখেন।

**************************

**Blood Donation :**

ত্রিপুরা অটোরিকশা ইউনিয়নের উদ্যোগে আজ আগরতলায় সিটু রাজ্য দপ্তরে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ। শিবিরে ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**Weight lifting state meet :**

৪৮তম সিনিয়র এবং ৩৬তম জুনিয়র পুরুষ ও মহিলা রাজ্যভিত্তিক ওয়েট লিফটিংয়ের আসর আজ শেষ হয়েছে। জুনিয়র পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে উত্তর জেলা, রানার্স সিপাহীজলা। জুনিয়র মহিলা বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে, দক্ষিণ জেলা রানার্স উত্তর জেলা। সিনিয়র গ্রুপের পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন পশ্চিম জেলা এবং রানার্স গোমতী জেলা। সিনিয়র মহিলা বিভাগের চ্যাম্পিয়ন পশ্চিম জেলা ও রানার্স উত্তর জেলা।

******************************

**School Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় হেনরি ডিরোজিও একাডেমি চ্যাম্পিয়ন হয়েছে। এম বি বি স্টেডিয়ামে আজ ফাইন্যাল ম্যাচে হেনরি ডিরোজিও ৪৩ রানে হলিক্রস স্কুলকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার কিছু স্থানে ভারী বৃষ্টিপাত ও বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************